

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৪৩

১/ বিবিধ

আরবী

عجبت لطالب الدنيا والموت يطلبه، وغافل وليس بمغفول عنه، ولضاحك ملء فيه
ولا يدري أَرْضَى اللهُ أم أسخطه
ضعيف جدا

رواه تمام في " الفوائد " (1 / 94) وابن عدي (2 / 79) عن يحيى بن علي الأسلمي عن حميد الأعرج عن عبد الله بن الحارث عن ابن مسعود يرفعه، وقال: " أحاديث ليست بمستقيمة، ولا يتابع عليها وفي الميزان متروك "، وقال ابن حبان: " يروي عن ابن الحارث عن ابن مسعود نسخة كأنها موضوعة ". وقال النسائي: " ليس بالقوي ". ومن مناكيره ... " ثم ذكر أحاديث هذا أحدها. وقال الدارقطني: " متروك وأحاديثه تشبه الموضوعة ". قلت: وحميد هذا هو ابن عطاء الأعرج الكوفي، وليس هو بصاحب الزهري، ذاك حميد ابن قيس الأعرج كما قال ابن حبان (1 / 257). ورواه القضاعي (1 / 49) عن إسحاق بن إبراهيم بن يونس قال: أخبرنا سفيان بن وكيع قال: أخبرنا أبي حميد به. والحديث عزاه السيوطي في " الجامع الصغير " لابن عدي والبيهقي في " الشعب ". ويبض له المناوي

বাংলা

৭৪৩। আমি আশ্চর্য হয় দুনিয়া তালিশকারী সেই ব্যক্তিকে দেখে যাকে মৃত্যু তালিশ করছে, সেই গাফেলকে দেখে

যার থেকে মৃত্যুকে গাফেল করা হয়নি এবং সেই মুখভরে হাস্যরতকে দেখে যে জানে না যে, তার এ হাসি আল্লাহকে সম্ভষ্ট করছে, না অসম্ভষ্ট করছে।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাম্মাম “আল-ফাওয়ায়েদ” (১/৯৪) গ্রন্থে এবং ইবনু আদী (২/৭৯) ইয়াহইয়া ইবনু আলী আল-আসলামী হতে তিনি হুম্মায়েদ আল-আ’রাজ হতে তিনি আব্দুল্লাহ ইবনুল হারেছ হতে ... বর্ণনা করেছেন। অতঃপর ইবনু আদী বলেনঃ হুম্মায়েদের হাদীছগুলো সঠিক নয় এবং তার অনুসরণ করা যায় না। "আল-মীযান" গ্রন্থে এসেছে, তিনি মাতরূক। ইবনু হিব্বান বলেনঃ তিনি ইবনুল হারেছ হতে আর তিনি ইবনু মাসউদ (রাঃ) হতে একটি পাণ্ডুলিপি বর্ণনা করেছেন। সেটি সম্ভবত বানোয়াট। নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন।

অতঃপর তিনি তার কতিপয় হাদীছ উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি। দারাকুতনী বলেনঃ হুম্মায়েদ মাতরূক এবং তার হাদীছগুলো জালের সাথে সাদৃশ্যপূর্ণ।

আমি (আলবানী) বলছিঃ এই হুম্মায়েদ হচ্ছেন ইবনু আতা আল-আ’রাজ আল-কুফী। তিনি যুহরীর সাথী নন। যুহরীর সাথী হচ্ছেন হুম্মায়েদ ইবনু কায়েস আল-আ’রাজ যেমনটি ইবনু হিব্বান (১/২৫৭) বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71622>

📖 হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন